

চিঠি  
৭

## আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা সমাপ্ত

যাযায়দি রিপোর্ট

দুদিনব্যাপী আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা ও পার্যবিক শিপিং ওয়ার্কশপ গতকাল সমাপ্ত হয়েছে। শহীদ বীর উত্তম লেফটেন্যান্ট আনোয়ার গার্লস কলেজ ও ডিবেট ফর ডেমক্রেসির যৌথ আয়োজনে 'আধার টুটবে আলো ফুটবে, মুক্তির গান গাইবে যুক্তি' - এ স্লোগানে ঢাকার সেরা ১৬টি কলেজ অংশগ্রহণ করে। সমাপনী অনুষ্ঠানে প্রায় দুই হাজার শিক্ষার্থী ও সুধীজন উপস্থিত ছিল। শহীদ আনোয়ার গার্লস কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন বাংলাদেশ সেনাবাহিনীর চিফ অফ জেনারেল স্টাফ মেজর জেনারেল সিনা ইবনে জামালী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ব্রিগেডিয়ার জেনারেল নিজাম আহমেদ, পিএসসি, কলেজ প্রিন্সিপাল কর্নেল আবদুল বাতেন ও আয়োজক সংগঠন ডিবেট ফর ডেমক্রেসির

চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। ১৫টি বিতর্ক প্রতিযোগিতার মধ্যদিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, রানার আপ হয় সেন্ট যোসেফ হাই স্কুল অ্যান্ড কলেজ ও তৃতীয় স্থান অধিকার করে এসওএস

### 'আধার টুটবে আলো ফুটবে মুক্তির গান গাইবে যুক্তি'

হারম্যান মেইনার কলেজ। ফাইনালে বিতর্কের বিষয় ছিল 'দুর্নীতিমুক্ত একটি সফল বাংলাদেশ পেলেই স্বাধীনতা অর্ধবহ হবে। সময় এখন বদলে য়বার ...'। এ বিষয়ে প্রথম শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় সেন্ট যোসেফ হাই স্কুল অ্যান্ড কলেজের নেওয়াজুল কবির, দ্বিতীয় শ্রেষ্ঠ বক্তা হয় এসওএস হারম্যান মেইনার কলেজের সাবরিনা হোসেন এবং তৃতীয় শ্রেষ্ঠ বক্তা হয় যুগ্মভাবে

শহীদ আনোয়ার গার্লস কলেজের তাহমিনা আক্তার তানিয়া ও ক্যামপ্রিয়ান কলেজের সাজেদুল ইসলাম। অনুষ্ঠানের প্রধান অতিথি মেজর জেনারেল সিনা ইবনে জামালী বলেন, বিতর্ক মানুষকে যুক্তিনিষ্ঠ করে। মেথর চর্চায় তা শাগিত হয়। ব্যক্তি জীবনে এ যুক্তি বোধ তাদের ব্যক্তিগত বিকাশের জন্য সহায়ক ভূমিকা পালন করে। মানকের সর্বনাশা স্বেচ্ছক, নৈতিক অবক্ষয়, অপসংস্কৃতি, অর্থনৈতিক উন্নয়ন ইত্যাদি বিষয়ে গণসচেতনতা সৃষ্টিতে বিতর্ক একটি শক্তিশালী মাধ্যম। ডিবেট ফর ডেমক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, এ আয়োজনের মধ্য দিয়ে তরুণদের যুক্তির চেতনায় জাগ্রত করতে উদ্বীগু করবে। অলোকিত মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলে একজন সুনামগরিক হতে বিতর্ক চর্চা সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি উদ্দেশ করেন।